গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

এবং

সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ –জুন ৩০, ২০১৭

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র.. ৩

প্রস্তাবনা ৫

সেকশন-১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি ৬

সেকশন-২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব(Outcome/Impact)................ ৮

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ........................ ৯

সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms)... ১৭

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা সমূহ এবং পরিমাপন পদ্ধতি...................... ১৮

সংযোজনী-৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ................ ২১

মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department of Women Affairs)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ:

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ১৭ লক্ষ ৫০ হাজার দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। প্রায় ৯ লক্ষ ৫০ হাজার নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ৩ লক্ষ ৬০ হাজার কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা সহায়তা প্রদান করা হয়েছে। ২৪,৮২৪ জন নারীকে ১,৬৫২.৩০ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ৩১ লক্ষ ১৫ হাজার নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৩,১৬৬ জন মহিলাকে আইনি সহায়তা এবং ৯৪৫ জন মা ও শিশুকে সহায়তা কেন্দ্রে আশ্রয় দেয়া হয়েছে। ১৫৩ জন মহিলা, শিশু ও কিশোরীদের নিরাপদ আবাসন সুবিধা প্রদান করা হয়েছে। কর্মজীবী হোস্টেলের মাধ্যমে ১,৪০০ জন কর্মজীবী মহিলার নিরাপদ আবাসনের ব্যবস্থা করা হয়েছে। ৪৩টি ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে ২,৭৩৮ জন শিশুকে সেবা প্রদান করা হয়েছে। "জয়িতা অন্বেষণে" প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে প্রতি উপজেলায় ৫টি ক্যাটাগরীতে ৫ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ৯,৪৮৫ জন উদ্যোক্তা কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জয়িতা, হালুয়াঘাট কর্মসূচির আওতায় ৫৬টি সমিতির মধ্যে ৫৬টি দোকান বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়াও নারী উদ্যোক্তাগণ দেশে-বিদেশে বিভিন্ন মেলায় অংশগ্রহণ করেছেন। আত্মনির্ভরশীল করার লক্ষ্যে দরিদ্র মহিলাদের মধ্যে ৬,৩৫৬ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্রের মাধ্যমে সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে প্রায় ৭০০ জন মহিলার চাকুরীর সংস্থান করা হয়েছে। কিশোর-কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে ৫২৯ টি ক্লাবের মাধ্যমে প্রায় ৪০ হাজার কিশোর-কিশোরীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দুঃস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল হতে ৩২৩ জন কে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

বাল্যবিবাহ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ, লক্ষ্যভূক্ত সকল দুঃস্থ নারীকে প্রোগ্রামের অন্তর্ভূক্ত করতে না পারা, কর্মকর্তাদের যুগোপযোগী প্রশিক্ষণের অভাব এবং মাঠ পর্যায়ে কর্মকতার অপ্রতুলতা অন্যতম প্রধান সমস্যা। প্রকৃত উপকারভোগী বাছাই এবং নারী উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় সাধন ও সহায়তা প্রদান এ অধিদপ্তরের অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যত পরিকল্পনাঃ

এ দপ্তরের ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে, (১) তৃণমূল পর্যায়ের দুঃস্থ ও অসহায় নারীদেরকে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় নিয়ে আসা (২) প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষিত জনবল নিয়োগ এবং কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা (৩) জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১ আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ বাস্তবায়ন, (৪) বাল্যবিবাহ প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করা (৫) সকল ক্ষেত্রে প্রান্তিক নারীদের অংশগ্রহণের সুযোগ সৃস্টি করা (৬) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ (৭) সাবেক ছিটমহলের নারীদের জীবনমান উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ (৭) বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্বনির্ভর করা (৮) কর্মজীবী মহিলাদের আবাসন সুবিধার জন্য কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালনা (৯) কর্মজীবী মহিলাদের সন্তানদের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠা করা (১০) ভিজিডি উপকারভোগী পরিবারবর্গের পুষ্টিমান উন্নয়নে সহায়তা করা (১১) মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন সকল সেবার ডাটা বেইজ তৈরি (১২) কিশোর-কিশোরীদের সঠিক পরিচর্যার মাধ্যমে দক্ষ জন সম্পদে পরিণত করা (১৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনে নারীর অভিযোজনের ক্ষেত্রে সহায়তা করা (১৪) অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দেশে ও বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জন সম্পদে রূপান্তরিত করা।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ

- ১০ লক্ষ নারীকে ভিজিডি সহায়তা প্রদান;
- ৫ লক্ষ দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান;
- শহরাঞ্চলে ১ লক্ষ ৮০ হাজার ৩০০ জন কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান;
- ৪ হাজার ৫০০ জন নারীকে ক্ষুদ্রঋণ প্রদান;
- নারীর ক্ষমতায়নে ১৭ লক্ষ ১২ হাজার ৩৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান;
- ১,০০০ নারীকে আইনি সহায়তা প্রদান এবং ৩০০ জন মা ও শিশুকে আশ্রয় প্রদান;
- ১,৪০০ জন কর্মজীবী মহিলাকে হোষ্টেল সুবিধা প্রদান;
- ২,৪৪০ জন কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান;
- ১০০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে সৃষ্টি করা;
- ৫২৯ টি ক্লাবের মাধ্যমে ২০ হাজার কিশোরীকে জীবন দক্ষতা মূলক প্রশিক্ষণ প্রদান ;
- দুঃস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল হতে ৩৪০ জনকে আর্থিক সহায়তা প্রদান;
- প্রায় ১৮ হাজার ৩০০টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ;
- দুঃস্থ মহিলাদের মাঝে প্রায় ২,১০০ টি সেলাই মেশিন বিতরণ;
- ৬,৬০০ জন নারীকে বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োগের জন্য চাকুরি বিনিয়োগ তথ্য কেন্দ্রের মাধ্যমে চাকুরীর আবেদন প্রেরণ;
- প্রায় ১৮,৩০০ টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান হিসাবে প্রায় ৮ কোটি ৫০ লক্ষ টাকা বিতরণ।

উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০১৬ সাল .. জুন... মাসে.....২৯... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন - ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission)কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১: **রূপকল্প (Vision):**

জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

১.২. **অভিলক্ষ্য (Mission) :**

ব্যাপক ভাবে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তাকরণ, আইনি সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগ সৃষ্টির দ্বারা নারীদের ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা আনায়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ: (Strategic Objectives)

১.৩.১ **মহিলা বিষয়ক অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য:**

১. নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদারকরণ।

২. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

৩. কর্মজীবী নারীদের অবকাঠামোগত সুবিধা নিশ্চিতকরণ

৪. নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।

৫. কিশোর-কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে তাদের মধ্যে জেন্ডার সমতা আনায়নে ইতিবাচক মনোভাব সৃষ্টিকরণ।

১.৩.২ **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিতকরণ।

২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. কর্ম পরিবেশ উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ **কার্যাবলি (tionsFunc) :**

১. জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়ন;

২. সকল ক্ষেত্রে নারীর অধিকার নিশ্চিতকরণ;

৩. নারী নির্যাতন প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নারীর প্রতি সহিংসতামূলক আচরণ প্রতিরোধকরণ;

৪. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন;

৫. ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন;
৬. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন;
৭. ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি বাস্তবায়ন;
৬. নারী অধিকার রক্ষায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
৭. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষে ক্ষুদ্রঋণ প্রদান;
৮. কর্মজীবী মহিলাকে হোষ্টেল সুবিধা প্রদান;
৯. কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান;
১০. দুঃস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল হতে দুঃস্থ মহিলা ও শিশুকে আর্থিক সহায়তা প্রদান;
১১. দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ;
১২. নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ;
১৩. কিশোর-কিশোরীদের সঠিক পরিচর্চার মাধ্যমে বিকাশ সাধন;
১৪. বিভিন্ন দিবস উদযাপন যেমন-আন্তর্জাতিক নারী দিবস, বাল্যবিবাহ প্রতিরোধ, কন্যাশিশু দিবস, বেগম রোকেয়া দিবস ইত্যাদি;
১৫. বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরীকরণ;
১৬. স্বেচ্ছাসেবী মহিলা সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রণ।

সেকশন - ২

মহিলা বিষয়ক অধিদপ্তরের আউটকাম (Outcome /Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	ভিত্তি বছর	প্রকৃত অর্জন *	লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা মূহের নাম	উপাত্তসূত্র
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
সামগ্রিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি	জাতীয় সংসদে নারী আসন	%	১৯.৭	২০	২০	২০	২০	সকল মন্ত্রণালয়	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা প্রতিবেদন,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সামগ্রিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি	প্রশিক্ষিত নারী	সংখ্যা (লক্ষ)	৮.৮০	১০.৮৬	১১.৪৯	১২	১২.৬০	অর্থ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	বার্ষিক প্রতিবেদন
মাতৃ ও শিশু মৃত্যুর হার হ্রাস	৫ বছরের নীচে শিশু মৃত্যুর হার	প্রতি ১,০০০ জনে	৫৩	৫০	৪৮	৪৫	৪৩	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
	প্রসবকালীন মাতৃ মৃত্যুর হার	সংখ্যা (প্রতি লক্ষ্যে)	২১০	১৪৩	১৩০	১১০	১০০	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
	নবজাতকের মৃত্যুর হার	প্রতি ১,০০০ জনে	৪৩	৩৮	৩৫	৩২	৩০		
গড় আয়ু বৃদ্ধি	গড় আয়ু (মহিলা)	%	৭১.৫	৭২	৭২.৫	৭২.৭	৭৩	অর্থ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,খাদ্য মন্ত্রণালয়	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
দারিদ্র হ্রাস	ভিজিডি উপকারভোগী	সংখ্যা (লক্ষ)	৭.৫	৭.৫	১০.০০	১০.০০	৭.৫০	খাদ্য মন্ত্রণালয় ও স্থানীয় সরকার মন্ত্রণালয়	
মা ও শিশুর পুষ্টি এবং স্বাস্থ্য সুরক্ষা	ল্যাকটেটিং ভাতা উপকারভোগী	সংখ্যা (লক্ষ)	০.৮৬	১.০০	১.৮০	১.৮০	২.০০	স্থানীয় সরকার মন্ত্রণালয়	
	মাতৃত্বকালীন ভাতা উপকারভোগী	সংখ্যা (লক্ষ)	১.২০	২.২০	৫.০০	৫.৫০	৬.০০		

*সাময়িক

সেকশন -৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2015-16)					প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১.নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদারকরণ।	৩৫	[১.১] দুস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) প্রদান	[১.১.১] ভিজিডি উপকারভোগী	সংখ্যা (লক্ষ)	১৫	৭.৫	৭.৫	১০.০০	৯.৫০	৯.০০	৮.৫০	৭.৫	১০.০০	১০.০০
		[১.২] দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান	[১.২.১] মাতৃত্বকালীন ভাতা প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা (লক্ষ)	৬	২.২০	২.৬৪	৫.০০	৪.৫০	৪.০০	৩.৫০	২.৬৪	৫.৫০	৬.০০
		[১.৩] শহরাঞ্চলে কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান	[১.৩.১] ল্যাকটেটিং ভাতা প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা	৬	১.০	১.২০	১.৮০	১.৭০	১.৬০	১.৫০	১.২০	১.৮০	২.০০
		[১.৪] মাতৃত্বকালীন উপকারভোগীর ডাটাবেস তৈরী	[১.৪.১] উপকারভোগী মা	সংখ্যা (জন)	৫	৪৫৩৩	৬৪০৬	৬৪৭০	৬৪৫৫	৬৪৪০	৬৪৩০	৬৪০৬	৬৫০০	৭০০০
		[১.৫] দু:স্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল	[১.৫.১] আর্থিক সহায়তা প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা	৩	আর্থিক সহায়তা প্রদান করা হয়নি।	৩২৩	৩৪০	৩৩৫	৩৩০	৩২৭	৩২৩	৩৫০	৪০০

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2015-16)					প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
২. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।	১৯	[২.১] নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণার্থী	সংখ্যা (লক্ষ)	৮	১০.৫৬	১০.৬০	১৭.১২	১৬.০০	১৫.০০	১৩.০০	১০.৬০	১৮.০০	১৮.৫০
		[২.২] উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণের জন্য সুবিধাদি প্রদান	[২.২.১] সুবিধা প্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা	সংখ্যা	৩	৩২৭	৩২৭	৩৩১	৩৩০	৩২৯	৩২৮	৩২৭	৪০০	৫০০
		[২.৩] মহিলাদের আত্ম-কর্মসম্পাদনের জন্য ক্ষুদ্রঋণ প্রদান	[২.৩.১] ক্ষুদ্রঋণ প্রাপ্ত উপকারভোগীর সংখ্যা	সংখ্যা	৩	৩৭৪৬	৪৫০০	৪৭০০	৪৬০০	৪৫৭৫	৪৫৫০	৪৫০০	৫০০০	৫৫০০
		[২.৪] স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও নিয়ন্ত্রন	[২.৪.১] নিবন্ধিত সমিতির সংখ্যা	সংখ্যা	২	১৭৬৯৩	১৭৯৯৫	১৮৩০০	১৮২৫০	১৮২০০	১৮১৫০	১৭৯৯৫	১৮৬০০	১৮৯০০
		[২.৫] স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ	[২.৫.১] বিতরণকৃত অনুদান	টাকা	২	৭৩৯.২৫	৮০০.০০	৮৫০.০০	৮২৫.০০	৮২০.০০	৮১৫.০০	৮০০.০০	৯০০.০০	৯৫০.০০
		[২.৬] স্বপ্ন প্যাকেজের আওতায় মাতৃত্বভাতা ভোগী (ফেজআউট) মাদের টেকসই জীবন মান উন্নয়ন	[২.৬.১] সেবা প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা	১	২৬৫	২৬৭	৩৫৯	৩৩০	৩০০	২৮০	২৬৭	৫০০	৫৫০
৩. কর্মজীবী নারীদের অবকাঠামোগত সুবিধা নিশ্চিতকরণ	১৩	[৩.১] কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান	[৩.১.১] দিবাযত্ন সেবা প্রাপ্ত উপকারভোগী শিশুর সংখ্যা	সংখ্যা	৫	১৬৬৫	২৪৪০	২৪৪০	২৪৪০	২৪৪০	২৪৪০	২৪৪০	২৮৩০	৩৮৩০
		[৩.২] কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান	[৩.২.১] কর্মজীবী নরী উপকারভোগীর সংখ্যা	সংখ্যা	৫	১২০০	১৪০০	১৪০০	১৪০০	১৪০০	১৪০০	১৪০০	১৪০০	১৬৪৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2015-16)					প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		[৩.৩] গার্মেন্টসের মহিলা শ্রমিকদের হোস্টেল সুবিধা প্রদান	[৩.৩.১] গার্মেন্টসের মহিলা শ্রমিক উপকারভোগীর সংখ্যা	সংখ্যা	২	এ প্রকল্পে ২০১৬-১৭ অর্থবছর হতে আবাসন সুবিধা প্রদান করা হবে।		৭৪৪	৭০০	৬৫০	৬০০	৫৭৫	৮৭৪	৮৮০
		[৩.৪] গার্মেন্টসের মহিলা শ্রমিকের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান	[৩.৪.১] দিবাযত্ন সেবা প্রাপ্ত উপকারভোগী শিশুর সংখ্যা	সংখ্যা	১	এ প্রকল্পে ২০১৬-১৭ অর্থবছর হতে শিশু দিবাযত্ন সুবিধা প্রদান করা হবে।		৩০	২৭	২৫	২৩	২০	৭০	৭৫
৪.নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।	৯	[৪.১] বাল্যবিবাহ প্রতিরোধ	[৪.১.১] বাল্যবিবাহের হার	%	৪	৬২.৮	৬২	৬২	৬১.৯০	৬১.৮৫	৬১.৮০	৬১.৭০	৬১	৬০
		[৪.২] নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও কাউন্সিলিং প্রদান	[৪.২.১] আশ্রয় প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা	৩	২৭৫	৩০০	৩২৫	৩২০	৩১০	৩০৫	৩০০	৩৫০	৩৭৫
		[৪.৩] নির্যাতিত নারী ও শিশুকে আইনি সহায়তা প্রদান	[৪.৩.১] আইনি সহায়তা প্রাপ্ত উপকারভোগী	সংখ্যা	২	৯২১	৯৪৯	১০০০	৯৯০	৯৮০	৯৬০	৯৪৯	১১০০	১২০০
৫. কিশোর-কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে তাদের মধ্যে জেন্ডার সমতা আনায়নে ইতিবাচক মনোভাব সৃষ্টিকরণ।	৪	[৫.১] কিশোর কিশোরী ক্লাব প্রতিষ্ঠিত	[৫.১.১] প্রতিষ্ঠিত ক্লাব	সংখ্যা	৪	৩৭৯	*৫২৯	*৫২৯	৫২৯	৫২৯	৫২৯	৫২৯	৬৩৮	৬৩৮

* বিঃ দ্রঃ : যেহেতু কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠার প্রকল্প আপাতত শেষ হয়ে গেছে তাই ২০১৬-১৭ অর্থবছরে ৫২৯ টি ক্লাবই পরিচালিত হবে।

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সুচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-২০১৫	প্রকৃত অর্জন ২০১৫-২০১৬	লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৬-২০১৭					প্রক্ষেপন ২০১৭-২০১৮	প্রক্ষেপন ২০১৮-২০১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ														
[১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা	৬	[১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	[১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়ে দাখিলকৃত	তারিখ	১			১৫-০৫-২০১৬	১৬-০৫-২০১৬	১৭-০৫-২০১৬	১৮-০৫-২০১৬	১৯-০৫-২০১৬		
		[১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	[১.১.২] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১			১৪-০৮-২০১৬	১৬-০৮-২০১৬	১৭-০৮-২০১৬	১৮-০৮-২০১৬	২১-০৮-২০১৬		
		[১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	[১.১.৩] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত	সংখ্যা	১			৪	৩	২	-	-		
		[১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন দাখিল	[১.১.৪] নির্ধারিত তারিখে অর্ধ বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১			৩১-০১-২০১৭	০১-০২-২০১৭	০২-০২-২০১৭	০৫-০২-২০১৭	০৬-০২-২০১৭		
		[১.৫] মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	[১.১.৫] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১			-	-	-	-	-		
		[১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রনোদনা প্রদান	[১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১			৩	২	১	-	-		
[২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	[২.১] ই - ফাইলিং পদ্ধতি প্রবর্তন	[২.১.১] দপ্তরে ই - ফাইলিং পদ্ধতি প্রবর্তি	তারিখ	১			২৮-০২-২০১৭	৩০-০৩-২০১৭	৩০-০৪-২০১৭	৩১-০৫-২০১৭	২৯-০৬-২০১৭		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সুচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-২০১৫	প্রকৃত অর্জন ২০১৫-২০১৬	লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৬-২০১৭					প্রক্ষেপন ২০১৭-২০১৮	প্রক্ষেপন ২০১৮-২০১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
		[২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারী নিশ্চিত করণ	[২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারী কৃত	%	১			১০০	৯০	৮০	-	-		
		[২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	[২.৩.১] দপ্তরে অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত	তারিখ	১			৩০-১১-২০১৬	০৭-১২-২০১৬	১৪-১২-২০১৬	২১-১২-২০১৬	২৮-১২-২০১৬		
			[২.৩.২] দপ্তরে অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত	তারিখ	১			৩০-১১-২০১৬	০৭-১২-২০১৬	১৪-১২-২০১৬	২১-১২-২০১৬	২৮-১২-২০১৬		
		[২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	[২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ	%	১			৯০	৮০	৭০	৬০	৫০		
[৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	[৩.১] সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	[৩.১.১] প্রশিক্ষণের সময়*	জন ঘণ্টা	১			৬০	৫৫	৫০	৪৫	৪০		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সুচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-২০১৫	প্রকৃত অর্জন ২০১৫-২০১৬	লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৬-২০১৭					প্রক্ষেপন ২০১৭-২০১৮	প্রক্ষেপন ২০১৮-২০১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
		[৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	[৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষন কাঠামো প্রনীত ও দাখিলকৃত	তারিখ	১			১৫-০৭-২০১৬	৩১-০৭-২০১৬					
			[৩.২.২] নির্ধারিত সময় সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১			৪	৩	২	-	-		
[৪] কর্মপরিবেশ উন্নয়ন	৩	[৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	[৪.১.১] নির্ধারিত সময় সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	১			৩০-১১-২০১৬	৩১-১২-২০১৬	৩১-০১-২০১৭	-	-		
		[৪.২] সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা	[৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১			৩০-১১-২০১৬	৩১-১২-২০১৬	৩১-০১-২০১৭	-	-		
		[৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	[৪.৩.১]সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১			৩০-১১-২০১৬	৩১-১২-২০১৬	৩১-০১-২০১৭				
[৫] তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	[৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১									

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সুচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৪-২০১৫	প্রকৃত অর্জন ২০১৫-২০১৬	লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৬-২০১৭					প্রক্ষেপন ২০১৭-২০১৮	প্রক্ষেপন ২০১৮-২০১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
জোরদার করা		[৫.২] দপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	[৫২১.১] দপ্তরের বার্ষিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	১			১৫-১০-২০১৬	২৯-১০-২০১৬	১৫-১১-২০১৬	৩০-১১-২০১৬	১৫-১২-২০১৬		
[৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	[৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১			৫০	৪৫	৪০	৩৫	৩০		

* সাময়িক (provisional) তথ্য

আমি মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর

২৯.৬.২০২১

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সংযোজনী-১

আদ্যক্ষর
(Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১.	মশিবিম	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২.	মবিঅ	মহিলা বিষয়ক অধিদপ্তর
৩.	ভিজিডি	ভালর্নারেবল গ্রুপ ডেভলপমেন্ট

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[১.১] দুস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) প্রদান	[১.১.১] ভিজিডি উপকারভোগী	দেশের দারিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা ও অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করার জন্য ভিজিডি কার্যক্রম	মশিবিম, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.২] দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান	[১.২.১] মাতৃত্বকালীন ভাতা প্রাপ্ত উপকারভোগী	পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম	মশিবিম, জেলা প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.৩] শহরাঞ্চলে কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান	[১.৩.১] ল্যাকটেটিং ভাতা প্রাপ্ত উপকারভোগী	শহর অঞ্চলের কর্মজীবী দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম	মশিবিম, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, বিজিএমইএ, বিকেএমইএ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.৪] মাতৃত্বকালীন উপকারভোগীর ডাটাবেস তৈরী	[১.৪.১] মা উপকারভোগী	পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ডাটাবেস তৈরী	মশিবিম, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.৫] নির্যাতিত দুস্থ মহিলা ও শিশুদের আর্থিক সহায়তা প্রদান	[১.৫.১] আর্থিক সহায়তা প্রাপ্ত উপকারভোগী	নির্যাতিত দুঃস্থ মহিলা ও শিশুদের আর্থিক সহায়তা প্রদান।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.১] নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণার্থী	নারীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে আয়বর্ধক ও উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়	জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.২] উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণের জন্য সুবিধাদি প্রদান	[২.২.১] সুবিধা প্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা	তৃণমূল পর্যায়ে নারীদের উৎপাদিত পণ্যের বাজারজাত করণে সহায়তা প্রদান এবং বিভিন্ন মেলায় নারীদের উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয়ের সুযোগ প্রদান করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[২.৩] মহিলাদের আত্মকর্মসম্পাদন জন্য ক্ষুদ্রঋণ প্রদান।	[২.৩.১] ক্ষুদ্রঋণ প্রাপ্ত উপকারভোগী।	নারীর আত্মকর্মসম্পাদনের জন্য ক্ষুদ্রঋণ প্রদান করা হয়।	মহিলা বিয়ষক অধিদপ্তর	মহিলা বিয়ষক অধিদপ্তরের বর্ষিক প্রতিবেদন।	
[২.৪] স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও নিয়ন্ত্রন	[২.৪.১] নিবন্ধিত সমিতি	মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের মাধ্যমে স্বেচছাসেবী মহিলা সমিতি নিবন্ধন করা হয় ও সমিতির কার্যক্রম তদারকি করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৫] স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ	[২.৫.১] বিতরণকৃত অনুদান	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের মাধ্যমে নিবন্ধিত ভাল মানের স্বেচছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদের এককালীন অনুদান বিতরণ করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৬] স্বপ্ন প্যাকেজের আওতায় মাতৃত্বভাতা ভোগী (ফেজআউট) মাদের টেকসই জীবন মান উন্নয়ন	[২.৬.১] সেবা প্রাপ্ত উপকারভোগী	১০ জেলার ১০ উপজেলায় মাতৃত্বকালীন ভাতা প্রাপ্ত মায়েদের (ফেজআউট) ১. স্বাস্থ্য, পুষ্টি ও জন্মনিয়ন্ত্রণ কার্ড ২. শিক্ষা ও বিনোদন কার্ড ৩. গৃহ ও স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ৪. জীবিকায়ন উন্নয়ন থোক তহবিল/উপকরণ ৫. কর্মসংস্থান ক্ষুদ্র ঋণ এর সাথে লিঙ্কেজ স্থাপনের লক্ষ্যে স্বপ্ন প্যাকেজ পরিচালনা করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর, ডরপ্	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.১] কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান	[৩.১.১] দিবাযত্ন সেবা প্রাপ্ত উপকারভোগী	নিম্ন মধ্যবিত্ত ও মধ্যবিত্ত কর্মজীবী মায়েদের শিশুদের (৬ মাস থেকে ৬ বছর পর্যন্ত) নিরাপদে রেখে কর্মস্থলে নিশ্চিন্তে কাজ করার সুবিধার্থে ডে-কেয়ার সেন্টারসমূহে সকাল ৮.৩০ হতে বিকাল ৫.৩০ পর্যন্ত নিরাপদ দিবাযত্ন সেবা প্রদান করা হয়	মহিলা বিষয়ক অধিদপ্তর জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.২] কর্মজীবী মহিলাদের হোষ্টেল সুবিধা প্রদান	[৩.২.১] কর্মজীবী উপকারভোগী	মহিলাদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্তকরণের লক্ষ্যে স্বল্প মূল্যে কর্মজীবী মহিলাদের নিরাপত্তা ও আবাসন সুবিধা প্রদানের নিমিত্তে ৮টি কর্মজীবী মহিলা হোষ্টেল পরিচালিত হচ্ছে	জাতীয় মহিলা সংস্থা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
[৩.৩] গার্মেন্টসের মহিলা শ্রমিকদের হোস্টেল সুবিধা প্রদান।	[৩.৩.১] গার্মেন্টসের মহিলা শ্রমিক উপকারভোগী।	গার্মেন্টসের মহিলা শ্রমিকদের স্বল্পমূলে আবসনের ব্যবস্থা করা।	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা বিষয়ক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন।	
[৩.৪] গার্মেন্টসের মহিলা শ্রমিকের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান।	[৩.৪.১] দিবাযত্ন সেবা প্রাপ্ত উপকারভোগী	গার্মেন্টসের মহিলা শ্রমিকের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা বিষয়ক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন।	
[৪.১] বাল্যবিবাহ প্রতিরোধ	[৪.১.১] বাল্যবিবাহের হার	১৮ বছরের নীচে মেয়েদের এবং ২১ বছরের নীচে ছেলেদের বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম	মশিবিম, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.২] নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও কাউন্সিলিং প্রদান।	[৪.২.১] আশ্রয় প্রাপ্ত উপকারভোগী	৬টি বিভাগের মহিলা সহায়তা কর্মসূচি, জেলা/উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর এ নির্যাতিত নারী ও শিশুকে আশ্রয় ও কাউন্সিলিং প্রদান করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.৩] নির্যাতিত নারী ও শিশুকে আইনি সহায়তা প্রদান।	[৪.৩.১] আইনি সহায়তা প্রাপ্ত উপকারভোগী	৬টি বিভাগের মহিলা সহায়তা কর্মসূচি, জেলা/উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর এ নির্যাতিত নারী ও শিশুকে আইনি সহায়তা প্রদান করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৫.১] কিশোর কিশোরী ক্লাব পরিচালনা	[৫.১.১] প্রতিষ্ঠিত ক্লাব	৭ টি বিভাগের ৭ টি জেলার সবকটি উপজেলায় ৩৭৯ টি ইউনিয়নে ৩৭৯ টি ক্লাব পরিচালিত হচ্ছে	মশিবিম	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী ৩ : কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ:

সংস্থার ধরণ	সংস্থার নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মন্ত্রণালয়	খাদ্য মন্ত্রণালয়	ভিজিডি উপকারভোগীর সংখ্যা	১০ লক্ষ দুঃস্থ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান	খাদ্য শস্যের সরবরাহ নিশ্চিতকরণ	১০ লক্ষ দুঃস্থ পরিবারকে ৩,১৫,০০০ মেঃ টন খাদ্যশস্য সরবরাহকরণ	দুঃস্থ পরিবারে খাদ্যাভাব দেখা দিবে।
মন্ত্রণালয়	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সামাজিক নিরাপত্তা (ভিজিডি, ল্যাকটেটিং এবং মা্তৃত্বকালীন ভাতা) কার্যক্রমের উপকারভোগীর সংখ্যা	জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী বাছাই এবং নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান।	দুঃস্থ নারী ও শিশুদের বিভিন্ন সহায়তা প্রদান নিশ্চিতকরণ	নীতিমালা অনুযায়ী বছরে নিয়মিত সভা আয়োজন করা।	উপকারভোগী বাছাই এবং খাদ্য ও অর্থ বিতরণ ব্যাহত হবে।